জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲, হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।


ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

৬৭।৪ নং স্ট্রাণ্ড রোড, বড়বাজার, কলিকাতা।


২৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা ভাদ্র বুধবার ১৩৪৩ ইংরাজী 19th August 1936 | ১৪শ সংখ্যা





এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪২ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৸৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।





স্নিগ্ধ ও তৃপ্তিকর

## জবা কুসুম

কেশ তৈল

চুলের গোড়া শক্ত করিয়া চুলের শ্রী বৃদ্ধি করিতে, মাথা ঠাণ্ডা রাখিতে, অনিদ্রা ও শ্রান্তি দূর করিয়া চিত্তে প্রসন্নতা দান করিতে, "জবাকুসুম" আজিও অদ্বিতীয়।

সি, কে, সেন এণ্ড কোং, লিঃ
২৯নং কলুটোলা ষ্ট্রীট কলিকাতা



## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা





## অশোকা

সকল প্রকার স্ত্রীরোগের মহৌষধ। অশোকা সেবনে অনিয়মিত রজঃস্রাব, জরায়ুর প্রদাহ, শিরোঘূর্ণন ও অনিদ্রা প্রভৃতি উপসর্গ শীঘ্রই প্রশমিত হয়

সি. কে. সেন এণ্ড কোং



সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ



ম্যালেরিয়া, সবিরাম, অবিরাম, পালাজ্বর প্রভৃতি যাবতীয় জ্বরের অব্যর্থ ও পরীক্ষিত মহৌষধ একজন বহুদর্শী বিশেষজ্ঞের আবিষ্কার।

সি. কে. এস পল্টন মার্কা

ফিভার মিক্শ্চার

সি. কে. সেন এণ্ড কোং লিঃ কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৩রা ভাদ্র বুধবার সন ১৩৪৩ সাল

## কমিশনর সাহেব বাহাদুর।

প্রেসিডেন্সী বিভাগের মাননীয় কমিশনর সাহেব বাহাদুর ষ্টিমার যোগে জঙ্গিপুর শুভাগমন করিয়াছিলেন। তিনি স্থানীয় ফৌজদারী অফিস, হাসপাতাল, মিউনিসিপ্যাল অফিস ও থানা পরিদর্শন করেন এবং দফরপুর ইউনিয়ন বোর্ড ও হাসপাতাল পরিদর্শন করিয়া মুর্শিদাবাদ অভিমুখে প্রত্যাবর্ত্তন করিয়াছেন।

## বন্যা।

অন্যান্য বৎসর অপেক্ষা এবারে বন্যার জল অতিরিক্ত বৃদ্ধি হইয়াছে। বাগড়ী অঞ্চলের কোন কৃষক বা গৃহস্থ এক ছটাক ধান্য পায় নাই। পাটের অবস্থা ভাল নহে। বন্যার জলে জঙ্গিপুর সহরের পার্শ্ববর্ত্তী গ্রাম সমূহের অধিকাংশ পল্লী ডুবিয়া গিয়াছে। লোকের কষ্টের সীমা নাই। বন্যার জল বাড়িয়া অনেক গ্রামের হৈমন্তিক ধানের জমিও ডুবাইয়া দিয়াছে। এবারে রাঢ় অঞ্চলে আবাদ ভাল হইয়াছে। কিন্তু জোলের জমির খুব ক্ষতি হইয়াছে।

## ছাদ হইতে পতন।

রঘুনাথগঞ্জের শ্রীযুক্ত পঞ্চানন চট্টোপাধ্যায় মহাশয়ের বাড়ীর একটী চাকর তাঁহার কালী বাড়ীর ছাদ হইতে দৈবাৎ পড়িয়া যায়। সুখের বিষয় যে চাকরটী সামান্য আঘাত পাইয়াছে।

## মনসা পূজা।

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারেও রঘুনাথগঞ্জ কারমাইকেল রোডের পার্শ্বে ৺মনসা দেবীর পূজার্চ্চনা যথারীতি সুসম্পন্ন হইয়াছে।

## টিউব ওয়েল।

জঙ্গিপুর মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ রঘুনাথগঞ্জ চাউলপটীর মোড়ে একটী টিউব ওয়েল নির্ম্মাণ করিয়া দিয়াছেন। ইহার জল খুব ভাল হইয়াছে। বহু লোকে ইহার জল ব্যবহার করিয়া তৃপ্তিলাভ করিতেছে। আমরা মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান বাহাদুরকে অশেষ ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

## বহরমপুর হাসপাতাল।

বহরমপুর মিউনিসিপ্যালিটীর কমিশনারগণের এক বিশেষ সভায় সদর হাসপাতালের উন্নতি করিবার বিষয় আলোচনা হইয়াছে। সিভিল সার্জ্জন কমিশনারদের নিকটে হাসপাতালের আশু প্রয়োজনের বিষয়ে সবিশেষ উল্লেখ করেন। তিনি আরও বলেন যে, মফঃস্বলের অন্যতম এই শ্রেষ্ঠ হাসপাতালটীর বিভিন্ন দিকে উন্নতি করা যায়। সভায় এই সম্পর্কে একটী কমিটী গঠন করা হয়। এই কমিটী ২২শে আগষ্ট জেলা বোর্ডের সাবকমিটীর সহিত আলোচনা করিবে।

## "রীজ" কাপ কম্পিটিসন।

গত ১৭ই আগষ্ট হইতে রঘুনাথগঞ্জে ফৌজদারী ময়দানে "রীজ" কাপ কম্পিটিশনের খেলা আরম্ভ হইয়াছে। এই দিনে জঙ্গিপুর বাবুবাজার (এ) বনাম ওল্ড স্পোর্টিং ক্লাবের খেলা ছিল। জঙ্গিপুর বাবুবাজার (এ) দল ২—১ গোলে জয়লাভ করিয়াছে।

১৮ই আগষ্ট জঙ্গিপুর টাউন (১) বনাম কোহিনুর দলের খেলা ছিল। কোহিনুর দল ১—০ গোলে জয়লাভ করিয়াছে।

১৯শে আগষ্ট বি, এচ, এস, ক্লাব বনাম রাধানগর স্পোর্টিং দলের খেলা ছিল। বি, এচ, এস, ক্লাব ৫—০ গোলে জয়লাভ করিয়াছে।

## শোক সংবাদ।

জঙ্গিপুর বারের অন্যতম উকিল স্বর্গীয় সুরেশচন্দ্র মিত্র মহাশয়ের সহধর্ম্মিনী দুরারোগ্য ক্যানসার রোগে পরলোক গমন করিয়াছেন। তিনি একজন আদর্শ গৃহিনী ছিলেন। তাঁর গুণের কথা একমুখে বলা যায় না। তাঁহার চারিপুত্র ও দুইটী কন্যা বর্ত্তমান। আমরা শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি ভগবান পরলোকগত আত্মার শান্তিবিধান করুন।

স্থানীয় নামজাদা ব্যবসায়ী ৺কানাইলাল দত্ত মহাশয়ের সহধর্ম্মিনী পরলোকগমন করিয়াছেন। তিনি বৃদ্ধা হইয়াছিলেন। মৃত্যুকালে তিনি একটী কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা মৃতার আত্মার কল্যাণ কামনা করি।

## পাকুড় রাজ হাতীর মামলা।

### আপীলের আবেদন গ্রাহ্য।

শ্রীযুক্ত অহিভূষণ বক্সী এবং জিন্নু সেখ মাহুত পাকুড় রাজ হাতী মামলায় রাজমহলের জনৈক ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক ভারতীয় দণ্ডবিধির ২৮৯ ধারা অনুসারে দোষী সাব্যস্ত হইয়াছিল। তাহারা সাঁওতাল পরগণার ডেপুটী কমিশনারের আদালতে আপীল করিয়াছে। আপীলের আবেদন গ্রাহ্য হইয়াছে এবং ২১শে সেপ্টেম্বর শুনানীর দিন ধার্য্য হইয়াছে জিন্নু সেখ মাহুত দুই শত টাকার জামিনে খালাস আছে।

## নিদারুণ বেকার সমস্যা।

### ইরাবতী নদীতে ঝম্প প্রদান।

### ইঞ্জিনের সম্মুখে শয়ন।

"আমি অনাহারে মরিতেছি। আমার কোন কাজ নাই। এই অবস্থা আমি আর সহ্য করিতে পারিতেছি না।"—এই বলিয়া চীৎকার করিতে করিতে এক যুবক অকস্মাৎ ইরাবতী নদীর পুলের উপর হইতে খরস্রোতা নদীবক্ষে লাফাইয়া পড়ে। পূর্ত্ত-বিভাগের এক চৌকীদার নিকটেই ছিল। চীৎকার শুনিয়া তাহার দৃষ্টি এই বিষয়ে আকৃষ্ট হয়। সে নদীর নৌকার মাঝিদের সহায়তায় উক্ত যুবককে উদ্ধার করে। যুবকটীকে পুলিশের হাতে সমর্পণ করা হইয়াছে।

কয়েক দিন পূর্ব্বে একটী বেকার যুবক চলন্ত ট্রেণের ইঞ্জিনের সম্মুখে পড়িয়া আত্মহত্যার চেষ্টা করে। লাহোরের নিকট ট্রেণ থামাইয়া তাহাকে গ্রেপ্তার করা হয় এবং তৎক্ষণাৎ পুলিশের হাতে সমর্পণ করা হয়।

## ছাত্রের দুর্ভাগ্য।

ঢাকার আইন কলেজের দ্বিতীয় বার্ষিক শ্রেণীর জনৈক ছাত্র একটী বাজীর দাবি পূরণ করিবার সময় অকস্মাৎ মৃত্যুমুখে পতিত হইয়াছে। প্রকাশ, এই মর্ম্মে বাজী রাখা হয় যে, তাহাকে একটী বৃহৎ পুষ্করিণী পারাপার করিতে হইবে এবং প্রত্যাবর্ত্তনকালে মধ্যবর্ত্তী স্থানে জলমগ্ন থাকিয়া চারিটী রসগোল্লা খাইতে হইবে। তদনুসারে ছাত্রটী জলমগ্ন থাকিয়া রসগোল্লা ভক্ষণ করে, কিন্তু উপরে উঠিয়া অজ্ঞান হইয়া পড়ে এবং তৎক্ষণাৎ তাহার মৃত্যু হয়।

## গতিশীল ট্রেণ হইতে পতন।

গতিশীল ট্রেণ হইতে পতনের ফলে একটী সমগ্র বাঙ্গালী পরিবার বিশেষরূপে আহত হইয়াছে। প্রকাশ ঈষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের খুলনা শাখার নোয়াপাড়া ও খিদুটিয়া ষ্টেশনের মধ্যবর্ত্তী স্থানে একটী শিশু তাহার মাতার কোল হইতে দৈবক্রমে গতিশীল ট্রেণের বাহিরে পতিত হয়। ইহাতে স্ত্রীলোকটী তাহার সন্তানের জীবন রক্ষার আশায় ট্রেণ হইতে লাফাইয়া পড়েন এবং তাহা দেখিয়া পরে শিশুটীর পিতাও তাহার অনুসরণ করে। প্রকাশ, শিশুটীর মাতার নাম লাবণ্যপ্রভা দেবী ও পিতার নাম শ্রীযুক্ত কালীপদ মুখোপাধ্যায়।

## ফটো তুলিবার প্লেট।

ইণ্ডিয়ান পোষ্টস এণ্ড টেলিগ্রাফসের কলিকাতাস্থ ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার মিঃ এস, কাশীনাথম্ ফটোগ্রাফার প্লেট তৈয়ারীর এক প্রণালী আবিষ্কার করিয়াছেন। তাঁহার আবিষ্কৃত প্রণালীতে প্লেট প্রস্তুত করিতে বিদেশীয় প্লেট অপেক্ষা খরচ যথেষ্ট অল্প হইবে। ইণ্ডাষ্ট্রীয়াল রিসার্চ্চের পরামর্শদাতৃসভা তাঁহাকে এক হাজার টাকা পুরস্কার দিয়াছেন।

## তিনটী সন্তান প্রসব করায় জাতিচ্যুত।

কটকের "সমাজ" নামক একখানি দৈনিক সংবাদপত্রে প্রকাশিত সংবাদ হইতে জানা যায়, কটক জেলার কুজাং গ্রামে জনৈক স্ত্রীলোক একত্রে তিনটী সন্তান প্রসব করিয়াছে বলিয়া স্থানীয় ব্রাহ্মণগণ তাহাকে জাতিচ্যুত করিয়াছেন। তাঁহারা বলেন একত্রে তিনটী সন্তান প্রসব করা সমাজের পক্ষে বিশেষ অমঙ্গলের চিহ্ন। প্রকাশ, উক্ত স্ত্রীলোকটীকে ইহার জন্য প্রায়শ্চিত্ত করিতে হইবে।

## সরোজিনী দাসীর মৃত্যু।

কলিকাতার প্রসিদ্ধ দানবীর শ্রীযুক্ত হরিধন দত্তের সহধর্ম্মিণী সরোজিনী দাসী ইনফ্লুয়েঞ্জা ব্যাধিতে আক্রান্ত হইয়া পরলোক গমন করিয়াছেন।

## পোষ মানা সাপ।

কিম্বার্লি সহরে এক ভদ্রলোক ইঁদুরের দৌরাত্ম্যে উদ্বাস্ত হইয়া সাপ পুষিয়াছেন। সাপটীকে সারাদিন তিনি বাক্সে বন্ধ করিয়া রাখেন,—রাত্রে তাহাকে ছাড়িয়া দেন। সারারাত্রি সাপ বাড়ীর যত ইঁদুর ধরিয়া বেড়ায়; এমন পোষ মানিয়াছে যে, ভোরের বেলায় মালিকের কাছে আসিয়া তাঁহার হাতের পেয়ালা হইতে দুগ্ধ পান করে এবং পানান্তে আপনিই বাক্সে গিয়া প্রবেশ করে।

## চলন্ত ট্রেণ হইতে নদীতে নিক্ষেপ।

গত ৪ঠা আগষ্ট রাত্রিতে চলন্ত ট্রেণ হইতে হস্তপদ বদ্ধ অবস্থায় গভীর নদীতে নিক্ষিপ্ত একটী বালক (বয়স ১২ বৎসর) অত্যাশ্চর্য্যরূপে প্রাণে বাঁচিয়াছে। প্রকাশ যে মহারাজকুমার বিশ্বেশ্বর সিংহের ভৃত্য দীনা খাবার ১২ বৎসর বয়স্ক পুত্র, ব্রাহ্মত্রা উচ্চ প্রাইমারী স্কুলের শিক্ষক রামদেও সিংহের সহিত বি-এন রেলের ৪৮নং ডাউন ট্রেণে চড়িয়া দ্বারভাঙ্গায় আসিতেছিল। তারসরাই ষ্টেশনের দুই মাইল পশ্চিমে চলন্ত ট্রেণের মধ্যে উক্ত শিক্ষক বালকটীকে বলেন,—তোমার সোনার অলঙ্কার এবং টাকা কড়ি আমাকে দাও। বালক ইহাতে অসম্মত হয়।

